যুগান্তর

JUL 03 2002

তারিখ ...
পৃষ্ঠা ১৬ ... ৪ ...

# চট্টগ্রামে ছাত্রদল-শিবিরের সঙ্গে ছাত্রলীগের সংঘর্ষ : আহত ১০

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম আইন কলেজে রোববার রাত ৮টার দিকে ক্যাম্পাসে আধিপত্য বিস্তারের ঘটনাকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রশিবিরের সশস্ত্র ক্যাডারদের সঙ্গে ছাত্রলীগের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় পুলিশ সাধারণ ছাত্রছাত্রীসহ ছাত্রলীগ কর্মীদের বেপরোয়া লাঠিচার্জ করলে এতে অন্তত ১০ জন আহত হয়েছে। আহতদের ছাত্রলীগ তাদের কর্মী বলে দাবি ইসলাম টিপুর অবস্থা আশংকাজনক। ছাত্রলীগ অভিযোগ করেছে, সশস্ত্র ক্যাডাররা ছাত্র সংসদ অফিসে ভাংচুরসহ বঙ্গবন্ধু ও শেখ হাসিনার ছবি তছনছ করে। পুলিশের

চট্টগ্রামে : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

## চট্টগ্রামে : সংঘর্ষ

(শেষ পৃষ্ঠার পর)

সহায়তায় বহিরাগতরা এ তাণ্ডব চালায়। এ সময় আন্দরকিল্লা এলাকা জুড়ে আতংক ছড়িয়ে পড়ে এবং যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।

আইন কলেজ ছাত্র সংসদের ভিপি দেওয়ান মোঃ পিয়ারু জানান, আগামী ২৬ জুন আইন কলেজের ছাত্র সংসদ নির্বাচন হওয়ার কথা রয়েছে। নির্বাচনের আগে ক্যাম্পাস দখল করতে ছাত্রদল ও ছাত্রশিবিরের বহিরাগত সন্ত্রাসীরা হামলা চালায়।

ছাত্রদল অবশ্য অভিযোগ করেছে, তাদের শান্তিপূর্ণ মিছিলে ছাত্রলীগই হামলা করে। পুলিশ ঘটনার সত্যতা স্বীকার করেছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত [illegible]